



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

ফোন : ০২-২২৩৩৪৪০২৫, ই-মেইলঃ dgmbcbd@krishibank.org.bd

নং প্রকা/শানিব্যুডিবি-১(৪৩)/২০২৩-২৪/ ১১৭১

তারিখ : ০২ এপ্রিল ২০২৪

মহাব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক
বিভাগীয় কার্যালয়
বরিশাল।

বিষয়ঃ বাংলাদেশ কৃষি ব্যাংক, দুমকী শাখা, পটুয়াখালী এর অধীন একটি ATM বুথ স্থাপন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বিভাগীয় কার্যালয়, পটুয়াখালী এর ১০/০১/২০২৪ তারিখের পত্র নং জিএম/বার/ওপি-৫৮/২০২৩-২৪/১৬২৫ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উক্ত পত্রমূলে প্রাপ্ত বাংলাদেশ কৃষি ব্যাংক, দুমকী শাখার অধীন পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এর প্রবেশ সড়ক সংলগ্ন ‘খুশি সুপার মার্কেট’ এর নিচ তলায় ০১ টি এটিএম (ATM) বুথ স্থাপনের প্রস্তাব বিগত ৩১/০৩/২০২৪ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্যদের ৮৫৩ তম সভায় উপস্থাপন করা হলে পর্যদ কর্তৃক নিম্নোক্ত শর্তে সদয় অনুমোদন প্রদান করা হয়।

(ক) এটিএম (ATM) বুথের ভাড়া সংক্রান্ত তথ্যঃ

ক্রঃ নং	মূল শাখা	প্রস্তাবিত স্থান	আয়তন (বর্গফুট)	ভাড়া (প্রতি বর্গফুট)	মোট ভাড়া (টাকা)	নিয়ন্ত্রণকারী শাখা হতে দূরত্ব	অগ্রিমের পরিমাণ	ভাড়া চুক্তির মেয়াদ
০১	দুমকী শাখা, পটুয়াখালী	‘পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়’ এর প্রথম গেট সংলগ্ন “খুশি সুপার মার্কেট” এর নিচতলায়	১০০ বর্গফুট	৩৫.০০ টাকা	৩,৫০০/-	একই ভবনের নিচতলায়	১.২৬ লক্ষ (কস্ট অব ফান্ড অপেক্ষা ১% অধিক হারে)	চুক্তি সম্পাদনের তারিখ হতে ১০ (দশ) বছর

এছাড়া, (খ) বুথ স্থাপনের ১৫ (পনের) দিনের মধ্যে ভবন মালিকের সাথে সম্পাদিত ইজারা চুক্তির একটি ফটোকপি অত্র বিভাগে প্রেরণ করতে হবে।

(গ) বুথের কার্যক্রম সার্বক্ষণিকভাবে বাংলাদেশ কৃষি ব্যাংকের সি সি টিভির আওতায় রাখতে হবে এবং উক্ত সি সি টিভির প্রতিটি ভিডিও ফুটেজ কমপক্ষে ০১(এক) বছর পর্যন্ত সংরক্ষণ করতে হবে।

(ঘ) বুথের পর্যাপ্ত নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করতে হবে।

(ঙ) ইলেক্ট্রনিক বুথে ইলেক্ট্রনিক লেনদেন ব্যতীত অন্য কোন প্রকার ব্যাংকিং লেনদেন সম্পন্ন করা যাবে না।

(চ) ভবন মালিকের সাথে সম্পাদিত চুক্তিতে প্রস্তাবিত ভূমির মালিকানা স্বত্ব সম্পর্কে কোন প্রকার ত্রুটি প্রকাশ পেলে চুক্তিটি স্বাভাবিকভাবেই বাতিল বলে গণ্য হবে মর্মে শর্তে উল্লেখ থাকতে হবে।

(ছ) কেন্দ্রীয় হিসাব ও তহবিল ব্যবস্থাপনা বিভাগ-১ হইতে জারীকৃত পত্র নং- প্রকা/হিসাব-০১/কর শাখা-০৫/২০১৫-১৬/২১৮৭ তারিখ ২০-০৬-২০১৬ এর নির্দেশনা অনুযায়ী শাখা ভবন ভাড়ার ১৫% মূল্য সংযোজন কর (মূসক) ব্যাংক কর্তৃক বহন করা হবে।

(জ) শাখা ভবন ভাড়ার ৫% উৎস কর ভবন মালিক কর্তৃক বহন করতে হবে।

(ঝ) ইলেক্ট্রনিক বুথের কার্যক্রম পরিচালনার লক্ষ্যে আইসিটি সিস্টেম চালু এবং রক্ষণাবেক্ষণ ও নিরাপত্তা নিশ্চিত করণের জন্য ইজারা চুক্তির ফটোকপিসহ প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগসমূহে পত্র প্রেরণ করতে হবে।

(ঞ) প্রস্তাবিত ভবনের বিদ্যুৎ সংযোগে আর্থিং থাকার বিষয়টি নিশ্চিত করতে হবে এবং রেডিও লিংক স্থাপনার প্রয়োজন হলে সে ক্ষেত্রে ভবন মালিকের কোন আপত্তি থাকবে না মর্মে ভবন ভাড়া/ইজারা চুক্তিতে শর্ত আরোপ করতে হবে।

(ট) এটিএম (ATM) বুথ স্থাপন করতঃ বুথের ভৌগোলিক অবস্থান (অক্ষাংশ-দ্রাঘিমাংশ) নির্ণয়সহ তথ্য এবং প্রদেয় সার্ভিস বাংলাদেশ ব্যাংকের Geoloc পোর্টালে আপলোড/ হালনাগাদের লক্ষ্যে অত্র বিভাগের ২৮-১১-২০১৮ খ্রিঃ তারিখের ৯০৪(১২৫০) নং পত্রের নির্দেশনা অনুসরণ করার জন্যে অনুরোধ করা হলো।

চলমান

০৩। এমতাবস্থায়, উপরোক্ত শর্তসহ ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা কর্তৃক জারীকৃত বিআরপিডি সার্কুলার নং-০২, তারিখ- ১৯/০১/২০২৩ এর নির্দেশনা পরিপালনপূর্বক বাংলাদেশ কৃষি ব্যাংক, দুমকী শাখা, পটুয়াখালী এর অধীন এটিএম বুথ স্থাপনের লক্ষ্যে ইজারা চুক্তি সম্পাদনের অনুমোদন দেয়া হলো।

সংযুক্তি : ০৩ (তিন)

আপনার বিশস্ত



০২.০৪.২৪

(কে. এম. হাবিব-উন-নবী)

উপমহাব্যবস্থাপক

নং প্রকা/শানিব্যউবি-১(৪৩)/২০২৩-২৪/১১৭১

তারিখ : ০২ এপ্রিল ২০২৪

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ :

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক, পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, মুখ্য আঞ্চলিক কার্যালয়, পটুয়াখালী।
- ০৪। উপমহাব্যবস্থাপক, এস্টেট এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ, এডিসি ম্যানেজমেন্ট বিভাগ, আইসিটি সিস্টেমস বিভাগ এবং প্রকিউরমেন্ট বিভাগ বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আইসিটি সিস্টেমস বিভাগকে অনুরোধ করা হলো।
- ০৫। ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, দুমকী শাখা, পটুয়াখালী।
- ০৬। অফিস নথি।

০২/০৪/২০২৪

(জাহানারা রায়হানুল ফেরদৌসী)

সহকারী মহাব্যবস্থাপক